

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.৯৯.০৫২.২৩.১০৯

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২৯ মে ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: মেসার্স ফ্যাশন প্যাকার্স লিমিটেড নামক কারখানার অনুকূলে ৫ম শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি জারীর সুপারিশ প্রসঙ্গে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং-৫৬৬, তারিখঃ ২৮/০৫/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মেসার্স ফ্যাশন প্যাকার্স লিমিটেড, অফিস ও কারখানাঃ ৩১৪/১, গাছা, পোঃ জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর নামক কারখানাটি বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। যার নিবন্ধন নং: বস্ত্র/এমআই/আরএমজি/এল-০০০১২১-২৩, তারিখ: ১৮/০৪/২০২৩ খ্রিঃ এবং শিল্প উপ-খাত: গার্মেন্টস এক্সেসরিজ। শিল্প প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ কাঁচামাল আমদানির লক্ষ্যে তাদের অনুকূলে ৫ম শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি জারীর সুপারিশ পত্রের জন্য এ অধিদপ্তরে আবেদন জানালে তাদের দাখিলকৃত কাগজ পত্রাদি অত্র অধিদপ্তরে পরীক্ষা-নিরীক্ষার পর এড-হক ভিত্তিতে কাঁচামাল আমদানির লক্ষ্যে কারখানার অনুকূলে ষাম্মাসিক আমদানি স্বত্ব ২,৫০,০০,০০০/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ) নির্ধারণ করে ৫ম শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি জারীর সুপারিশ পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ১০০% রপ্তানিমুখী বস্ত্রশিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর অনুচ্ছেদ ২৪.৯ এর বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

২। উপরোক্ত সিদ্ধান্তের আলোকে মেসার্স ফ্যাশন প্যাকার্স লিমিটেড ১০০% রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠান হওয়ায় এবং শিল্প প্রতিষ্ঠানটিকে ৫ম শ্রেণীর আমদানিকারক হিসেবে নিবন্ধন ফিস ড্রেজারী চালানোর মাধ্যমে জমা দেয়া সাপেক্ষে শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে ষাম্মাসিক আমদানি স্বত্ব ২,৫০,০০,০০০/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ) নির্ধারণ করে ৫ম শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি প্রদানের জন্য নির্দেশক্রমে সুপারিশ করা হলো। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে।

৩। উল্লেখ্য যে, এ সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।



২৯-০৫-২০২৩

মো:সাইফুর রহমান

উপ-পরিচালক

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.৯৯.০৫২.২৩.১০৯/১ (৫)

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২৯ মে ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্ম নিয়ন্ত্রক, নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর;
- ২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।;
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ফ্যাশন প্যাকার্স লিমিটেড, অফিস ও কারখানাঃ ৩১৪/১, গাছা, পোঃ জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।;

৪। ওয়ানস্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা। এবং
৫। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।



A handwritten signature in black ink, appearing to be 'Kamrul Alam'.

২৯-০৫-২০২৩
কামরুল আলম
সহকারী পরিচালক